

2024

BENGALI

(MODERN INDIAN LANGUAGE)

Full Marks : 100

Pass Marks : 33

Time : Three hours

All questions are compulsory.

Marks are indicated against each question.

UNIT – I (Prose)

‘ক’ – গুচ্ছ (গদ্যাংশ)

- ১। ‘বিড়াল’ প্রবন্ধটি কোন গ্রন্থের অন্তর্গত? ১
- (ক) বিবিধ প্রবন্ধ
- (খ) কমলাকান্তের দপ্তর
- (গ) বিষবৃক্ষ
- ২। প্রসন্ন গায়ালিনীর গাভীর নাম কী? ১
- (ক) সুজলা
- (খ) কমলা
- (গ) মঙ্গলা
- ৩। উভয়েই এম.এ. পাশ- নরেশ কেমেস্ট্রিতে এবং পরেশ- ১
- (ক) সংস্কৃতে
- (খ) বাংলায়
- (গ) দর্শন শাস্ত্রে

P.T.O.

৪।	মার্জারি কাকে বলা হয়?	১
৫।	Scientific mentality এই বহুল প্রচলিত ইংরেজী সংজ্ঞাকে বাংলায় কী বলা যেতে পারে?	১
৬।	রুশোর মতে কত বৎসর বয়স থেকে কৈশোর কালের সূচনা হয়?	১
৭।	“থাম থাম মার্জারি পণ্ডিত, তোমার কথাগুলি ভারি সোশিয়ালিস্টিক।” সোশিয়ালিস্টিক শব্দের অর্থ কী?	২
৮।	আদালতে বিচারকের কাছে প্রত্যক্ষ প্রমাণ কী?	২
৯।	মূল্যবোধ বলতে কী বোঝ?	২
১০।	‘ধনীর দোষে দরিদ্র চোর হয়’-তাৎপর্য ব্যাখ্যা কর।	৩
১১।	শিক্ষার্থীদের মধ্যে মূল্যবোধ গড়ে তোলার জন্য কী কী আদর্শ স্থির করা হয় ?	৩
১২।	যৌবন কালের তিনটি বৈশিষ্ট্য লিখ।	৩
১৩।	কৈশোর কালে উপযুক্ত শিক্ষা দেবার জন্য ১৯৫২-৫৩ সালে মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় তিনটি বিষয়ের উপর গুরুত্ব দেওয়া হয়েছিল- কোন তিনটি বিষয়ের উপর গুরুত্ব দেওয়া হয়েছিল?	৪
১৪।	বিজ্ঞাপন কেমন পরোক্ষভাবে মানুষের বিচার শক্তি নষ্ট করে ‘বৈজ্ঞানিক বুদ্ধি’ প্রবন্ধ অবলম্বনে এ সম্পর্কে আলোচনা কর।	৫

UNIT – II (Poetry)

‘খ’ – শুচ্ছ (পদ্যাংশ)

১৫।	‘কোরান-পুরান-বাইবেল-ত্রিপিটক’- বাইবেল -	১
	(ক) পারসিকদের ধর্মগ্রন্থ	
	(খ) খ্রিস্টানদের ধর্মগ্রন্থ	
	(গ) শিখদের ধর্মগ্রন্থ	
১৬।	‘দুর্ভাগা দেশ’ কবিতাটি -	১
	(ক) গীতাঞ্জলী কাব্যগ্রন্থের অন্তর্গত	
	(খ) বলাকা কাব্যগ্রন্থের অন্তর্গত	
	(গ) সোনার তরী কাব্যগ্রন্থের অন্তর্গত	
১৭।	রূপাই কবিতার কবি কে?	১
১৮।	পদরজ শব্দের অর্থ কী?	১
১৯।	“এইখানে এসে লুটাইয়া পড়ে সকল রাজমুকুট।” - এইখানে বলতে কবি কী বুঝিয়েছেন?	২
২০।	“শ্যামার নরম গান শুনেছিল” - শ্যামা কী? শ্যামার গানকে নরম বলা হয়েছে কেন?	২

- ২১। 'দুর্ভাগা দেশ' কবিতায় কোন দেশকে দুর্ভাগা দেশ বলে উল্লেখ করেছেন? ২
- ২২। "জনম কালো, মরণ কালো, কালো ভুবনময়" – ব্যাখ্যা কর। ৩
- ২৩। 'পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে' – মর্মার্থ বিশ্লেষণ কর। ৩
- ২৪। রূপাই কবিতার সারমর্ম সংক্ষেপে লিখ। ৪
- ২৫। 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতা অনুসরণে বাংলার প্রাকৃতিক সৌন্দর্য বর্ণনা কর। ৫

UNIT – III (Reading)

'গ' – গুচ্ছ (পঠন)

নিম্নোক্ত রচনাটি পড়ে ২৬, ২৭, ২৮ ও ২৯ নম্বর প্রশ্নগুলির উত্তর দাও।

মহাপ্রভুর আবির্ভাবের পূর্বে বৈষ্ণব পদাবলী রচিত হয়েছিল। কিন্তু সেখানে কোন আধ্যাত্মিক আদর্শ ছিল না। চৈতন্য জীবনের আলোকপাতে পদাবলী সাহিত্য আধ্যাত্মিক স্তরে উন্নীত হল। রাধা ও কৃষ্ণ জীবাত্মা ও পরমাত্মা প্রতীকে পরিণত হলেন। চৈতন্য প্রবর্তিত বৈষ্ণবধর্মের মূল কথা রাগানুরাগ ভক্তি অর্থাৎ ভক্ত ভগবানের সঙ্গে মধুর সম্পর্ক। তাই চৈতন্যের ধর্ম প্রেম ও ভক্তির বিশিষ্ট দর্শন। চৈতন্য পরবর্তী পদাবলী সাহিত্যে মানবরস ও ভক্তিভাবুকতার যুক্তবেণী রচিত হয়েছে।

প্রায় তিন শতাব্দী কাল জুড়ে বৈষ্ণব সাহিত্যের পরিপুষ্টি ও পরিণতি ঘটেছে। শ্রীচৈতন্যের প্রভাবে পদাবলী সাহিত্যে একটি নূতন ধারার সংযোজন হয়। তার নাম গৌরচন্দ্রিকা। শ্রীচৈতন্যের জীবনলীলা বিষয়ক সব কবিতাই গৌরচন্দ্র বিষয়ক। কিন্তু সেইসব কবিতার মধ্যে 'গৌরচন্দ্রিকা' নামক কবিতাগুলির প্রকৃতি স্বতন্ত্র। রাধাকৃষ্ণ বিষয়ক পালাকীর্তনের পূর্বে রাধা ও কৃষ্ণভাবের পরিপূরক যে সব গৌরচন্দ্র বিষয়ক পদ গীত হয় সেগুলিই গৌরচন্দ্রিকা।

- ২৬। বৈষ্ণব পদাবলী কখন রচিত হয়? ১
- ২৭। শ্রীচৈতন্য প্রবর্তিত বৈষ্ণব ধর্মের মূল কথা কী? ১
- ২৮। শ্রীচৈতন্যের প্রভাবে পদাবলী সাহিত্যে যে নূতন ধারা সংযোগিত হয় তার নাম কী? ২
- ২৯। গৌরচন্দ্রিকা কাকে বলে? ২
- ৩০। নিম্নোক্ত রচনাংশটি পড়ে টীকা রচনা কর : ৪

যে নক্ষত্র থেকে এই পৃথিবীর জন্ম, যার জ্যোতি-এর প্রাণকে পালন করছে, সে হচ্ছে সূর্য। এই সূর্য আমাদের চারিদিকে আলোর পর্দা টাঙিয়ে দিয়েছে। পৃথিবীকে ছাড়িয়ে জগতে আর যে কিছু আছে তা দেখতে দিচ্ছে না। কিন্তু দিন শেষে সূর্য অস্ত গলে আলোর ঢাকনা সরে যায়। তখন অন্ধকার আকাশে ফুটে উঠে অসংখ্য নক্ষত্র। বুঝতে পারি জগৎটার সীমানা পৃথিবী ছাড়িয়ে অনেক দূরে চলে গেছে। কিন্তু কতটা যে দূরে তা অনুভূতিতেও ধরতে পারি না।

UNIT – IV (Writing)

‘ঘ’ – ওচ্ছ (লিখন)

- ৩১। রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে একটি অনুষ্ঠানের আয়োজন করার জন্য ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি রচনা কর। ২

অথবা,

জল দূষণ মুক্ত রাখার উদ্দেশ্যে সচেতনতামূলক একটি বিজ্ঞাপন দুই লাইনে রচনা কর।

- ৩২। ‘স্বচ্ছতাই সেবা’ অভিযানের একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও। ৩

অথবা,

ফুটবল খেলা উপলক্ষে একটি প্রতিবেদন রচনা কর।

- ৩৩। তোমার বোনের বিয়ে উপলক্ষে তোমার বাম্ববীর নিকট একটি চিঠি লিখ। (চিঠিতে তোমার নামের জায়গায় ‘ক’ লিখবে। ঠিকানার প্রয়োজন নেই।) ৮

- ৩৪। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর : ১২

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর

(খ) তোমার জীবনের লক্ষ্য

(গ) স্বামী বিবেকানন্দ

UNIT – V (Functional Grammar)

‘ঙ’ – ওচ্ছ (ব্যবহারিক ব্যাকরণ)

- ৩৫। যে কয়েক পদে সমাস হয় তাদের প্রত্যেককে কী বলে? ১
- ৩৬। যে সমাসে পূর্বপদ সংখ্যাবাচক শব্দ – তাকে কী সমাস বলে? ১
- ৩৭। যিনি মান্য তিনি গণ্য = গণ্যমান্য। – কোন সমাস? ১
- ৩৮। প্রত্যয় কাকে বলে? ১
- ৩৯। বাবু + আনি = বাবুয়ানি। – কোন প্রত্যয়? ১
- ৪০। পদ কাকে বলে? ১
- ৪১। সন্ধি কাকে বলে? ১
- ৪২। অশুদ্ধি সংশোধন কর : ‘বৃহস্পতি’ ১
- ৪৩। ‘নবান্ন’ সন্ধি বিচ্ছেদ কর। ১
- ৪৪। কৃত প্রত্যয় কাকে বলে? ১